

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
প্রশিক্ষণ শাখা
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাতার, ঢাকা
www.niyd.gov.bd

স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.৩৩.০৫৬.২১ (অংশ-৬)- ৬৯৩

তারিখ : ১৭ ডিসেম্বর, ২০২৫ খ্রিঃ
০২ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ

বিষয়ঃ জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের প্রশিক্ষণ কোর্সের জন্য অনলাইনে আবেদন আহবান।

জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাতার, ঢাকায় ১০ ফেব্রুয়ারি, ২০২৬ তারিখ হতে ০৪(চার) সপ্তাহ মেয়াদি ০২টি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হবে।

নং	কোর্সের নাম	মেয়াদ	আবেদন ফি	ভর্তি ফি (ভর্তির সময়)	জামানত ফি (ভর্তির সময়)	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১	English Language and Business Communication (29 th Batch)	০৪(চার) সপ্তাহ	১০০/- + চার্জ (অফেরতযোগ্য)	১০০০/- (অফেরতযোগ্য)	১০০০/- (ফেরতযোগ্য)	কমপক্ষে এইচ.এস.সি/সমমান পাস
০২	Tour Guide and Eco Tourism Management (29 th Batch)	০৪(চার) সপ্তাহ	১০০/- + চার্জ (অফেরতযোগ্য)	১০০০/- (অফেরতযোগ্য)	১০০০/- (ফেরতযোগ্য)	কমপক্ষে এইচ.এস.সি/সমমান পাস

কোর্সে অংশগ্রহণের জন্য উল্লিখিত শর্তানুযায়ী সকল জেলার ১৮ থেকে ৩৫ বছর বয়সি আগ্রহী বেকার যুব ও যুবনারীদের নিকট হতে অনলাইনে আবেদন আহবান করা হচ্ছে। আগ্রহী প্রার্থীগণকে আগামী ২৬ জানুয়ারি, ২০২৬ তারিখের মধ্যে <https://admission.univadmin.info> লিংকে প্রবেশ করে আবেদন ফি বাবদ (১০০/- + চার্জ) জমা পূর্বক আবেদন ফর্ম পূরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


অনলাইনে আবেদনের ফর্ম পূরণের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টস (সফট কপি):

- (১) শিক্ষাগত যোগ্যতার সনদ;
- (২) এনআইডি;
- (৩) পাসপোর্ট সাইজের ছবি;

ইতোপূর্বে জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাতার, ঢাকায় যারা কোনো কোর্সে অংশগ্রহণ করেছেন, তাদের আবেদন করার প্রয়োজন নেই। একই সাথে বর্তমানে অধ্যয়নরত ছাত্রছাত্রীদেরও আবেদনে নিরুৎসাহিত করা হচ্ছে।

আবেদন পাওয়ার পর চূড়ান্তভাবে নির্বাচিতদের তালিকা ০২ ফেব্রুয়ারি, ২০২৬ তারিখ জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের www.niyd.gov.bd ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

বিঃ দ্রঃ কোর্সটি সম্পূর্ণ আবাসিক। প্রশিক্ষার্থীদের প্রশিক্ষণ, আবাসন, খাবার খরচ এবং যাতায়াত ভাতা (প্রতিষ্ঠানের নির্ধারিত হারে) সরকারি ব্যয়ে নির্বাহ করা হবে। প্রশিক্ষার্থী বাছাইয়ের ক্ষেত্রে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।


১৭/১২/২০২৫

মোঃ হুমায়ুন কবীর
সহকারী পরিচালক (প্রশিক্ষণ)
ফোনঃ ০২-২২৪৪২৬০৩১